

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৭৯

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৪

ক্যাবল চ্যানেল নেটওয়ার্ক সম্প্রচার

নয়াদিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রীকে সমস্যা
সমাধানে উদ্যোগী হতে অনুরোধ জানালেন মুখ্যমন্ত্রী

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের বিজ্ঞপ্তিমূলে রাজ্যের ক্যাবল চ্যানেল নেটওয়ার্কগুলির সম্প্রচার আগামীকাল ৫ ফেব্রুয়ারি থেকে বন্ধ হয়ে যাবে বলে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে স্থানীয় বৈদ্যুতিন সংবাদমাধ্যমগুলির মালিকগণ পিএস চ্যানেল রেজিস্ট্রেশন হওয়ার সাপেক্ষে অন্তর্বর্তীকালীন সম্প্রচার অব্যাহত রাখার উদ্যোগ নিতে রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা দৃষ্টি আকর্ষণ করেন। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ নয়াদিল্লিতে অবস্থানকালে এই বিষয়টি কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী অনুরাগ সিং ঠাকুরকে অবহিত করেন এবং সমস্যা সমাধানে উদ্যোগী হতে অনুরোধ জানান। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী অনুরাগ সিং ঠাকুর মুখ্যমন্ত্রীকে জানান যে, তিনি বৈদ্যুতিন সংবাদমাধ্যমগুলির মালিকগণের সাথে কথা বলে অতি দ্রুত এই সমস্যা সমাধানের বিষয়ে উদ্যোগ নেবেন।
